

ফ্লাইটের সময় একঘণ্টা এগিয়েছে থাই এয়ারওয়েজ

- A Monitor Desk Report

Date: 11 March, 2024



ঢাকা: ঢাকা-ব্যাংকক ও ব্যাংকক-ঢাকা রুটের নিয়মিত ফ্লাইটের সময়সূচি এক ঘণ্টা এগিয়েছে থাই এয়ারওয়েজ। শুধু মার্চ মাসের জন্য ফ্লাইটের সময়সূচি পরিবর্তন করা হয়েছে। এরপর আগের সূচিতেই ফ্লাইট চলাচল করবে বলে জানিয়েছে কর্তৃপক্ষ।

বর্তমানে ঢাকা-ব্যাংকক-ঢাকা রুটে এয়ারলাইনসটি প্রতিদিন দুটি ফ্লাইট পরিচালনা করছে। এর মধ্যে সপ্তাহে তিনটি ফ্লাইটের সময় পরিবর্তন করেছে তারা।

থাই এয়ারওয়েজ জানায়, থাই এয়ারওয়েজের ঢাকা থেকে ব্যাংকক রুটের সপ্তাহে সোম, বুধ ও শুক্রবারের ফ্লাইটগুলো (টিজি-৩২২) আগে দুপুর ১টা ৪০ মিনিটে ঢাকা থেকে রওনা হতো। এই সময় এক ঘণ্টা এগিয়ে ১২টা ৪০ মিনিট করা হয়েছে।

একইভাবে ব্যাংকক থেকে ঢাকা রুটের ওই তিন দিনের ফ্লাইট (টিজি-৩২১) সকাল ৯টা ৫৫ মিনিটে ঢাকার উদ্দেশে ব্যাংকক ছাড়ত। ফ্লাইটটি এক ঘণ্টা আগে এগিয়ে ৮টা ৫৫ মিনিটে ছাড়বে।

উল্লেখ্য, থাই এয়ারওয়েজ বর্তমানে ঢাকা থেকে ব্যাংকক রুটে সপ্তাহে ১৪টি ফ্লাইট পরিচালনা করছে। ফ্লাইট পরিচালনার জন্য তারা বোয়িং ৭৮৭-৮ ডিমলাইনার উডোজাহাজ ব্যবহার করছে।

-B